# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় : মক্কার পবিত্র ও ঐতিহাসিক স্থানসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

নহরে যোবায়দা

নহরে যোবায়দা একটি মিষ্টি পানির নহর বা খাল বিশেষ। খলীফা হারুনুর রশীদের স্ত্রী যোবায়দা হাজীদের পানি পানের ব্যবস্থা করার জন্য এটি খনন করেন। এটি সুদূর ইরাকের মসুল নগরীর নু'মান উপত্যকা থেকে উৎসারিত হয়ে তায়েফের পাশ দিয়ে আরাফা ও উরনাহ উপত্যকা দিয়ে প্রবাহিত হয়ে মক্কার দিকে চলে গেছে। নহরে যোবায়দা খনন করা হয় আজ থেকে প্রায় ১২০০ বছর আগে। বর্তমানেও এর ধ্বংসাবশেষ পরিলক্ষিত হয়। হিজরী ১৪২১ সালে যুবরাজ আবদুল্লাহ ইবন আবদুল আজীজ এ নহর থেকে বর্তমানে কিভাবে উপকৃত হওয়া যায় তা খতিয়ে দেখার জন্য এক ফরমান জারি করেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7474

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন